

26 ফেব্রুয়ারি, 2020

Bureau of Child Care
125 Worth Street
NY, NY 10013

প্রিয় পরিবারবর্গ,

এই সপ্তাহে, সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র) যদি কোরোনা-ভাইরাস যুক্তরাষ্ট্রে স্থানীয় পর্যায়ে ব্যক্তি-থেকে-ব্যক্তিতে ছড়িয়ে পড়ে তাহলে কী হতে পারে সেবিষয়ে সম্ভাব্য বিভিন্ন বিকল্প আলোচনা করেছে, এই আলোচনায় অন্তর্ভুক্ত ছিল চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলোর বিবেচনা করার জন্যে বিভিন্ন সুপারিশ।

এই মুহুর্তে, সঠিক তথ্যগুলো শোনা এবং আতংকগ্রস্ত না হওয়া খুবই জরুরি। বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে নিশ্চিত করা নভেল কোরোনা-ভাইরাসের এখনও কোনও ঘটনা ঘটেনি এবং নিউ ইয়র্কবাসীদের জন্যে এর ঝুঁকি নিম্ন পর্যায়ে রয়েছে।

কিন্তু, অন্যান্য দেশে এই ভাইরাসের সংক্রমণ আমাদের উদ্বেগের পরিমাণ বাড়িয়ে দিয়েছে, এবং আমরা নিউ ইয়র্ক সিটিতে ব্যক্তি-থেকে-ব্যক্তিতে সংক্রমণের সম্ভাবনার জন্যে প্রস্তুতি গ্রহণ করছি। যদি ব্যক্তি-থেকে-ব্যক্তিতে সংক্রমণ শুরু হয় তাহলে কী পদক্ষেপ নেয়া হবে তা নির্ভর করবে আমাদের সিটিতে আক্রান্ত মানুষের সংখ্যা এবং তাদের অসুস্থতার সাধারণ তীব্রতার উপর। NYC হেলথ ডিপার্টমেন্ট (স্বাস্থ্য দপ্তর) সতর্কতার সাথে সকল সম্ভাব্য পরিস্থিতির জন্যে প্রস্তুতি গ্রহণ করেছে, এবং আমরা অব্যাহতভাবে পর্যবেক্ষণ করে যাব ও আমাদের চাইল্ড কেয়ার প্রদানকারীদের যেকোন সম্ভাব্য প্রভাব অবহিত করবো।

এই মুহুর্তে চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলো বন্ধ করার কোনও পরিকল্পনা নেই। এটি একটি চরম পদক্ষেপ যা দৈনন্দিন জীবনের জন্যে বিঘ্নসৃষ্টিকারী হতে পারে, এবং এধরণের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে গণস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিশেষজ্ঞদের নির্দেশনা অনুযায়ী।

সকল নিউ ইয়র্কবাসীর ক্ষু প্রতিরোধের সাধারণ পদক্ষেপগুলো গ্রহণ করা অব্যাহত রাখা উচিত, এতে অন্তর্ভুক্ত:

- আপনার কাশি বা হাঁচি একটি টিস্যু অথবা জামার হাতা দিয়ে ঢাকুন
- আপনার হাত নিয়মিত ধুয়ে ফেলুন
- আপনার মুখমন্ডল স্পর্শ করা থেকে বিরত থাকুন
- যারা অসুস্থ তাদের কাছাকাছি সংস্পর্শ থেকে বিরত থাকুন
- আপনার ফ্লু শর্ট নিন - এটা গ্রহণে কখনোই দেরি হয়ে যাবে না
- আপনি অসুস্থ অনুভূত হলে বাড়িতে থাকুন। আপনার ডাক্তারকে ফোন করুন এবং তাঁকে আপনার অসুস্থতার লক্ষণগুলো এবং ভ্রমণ ইতিহাস উল্লেখ করুন।

অনুগ্রহ করে schools.nyc.gov -সাইটে প্রাপ্ত বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী পড়ুন, অথবা যেকোন সময় গুরুত্বপূর্ণ সর্বশেষ তথ্যের জন্যে nyc.gov/health সাইট ভিজিট করুন।

কোরোনা-ভাইরাস সংক্রান্ত আমাদের অব্যাহত প্রচেষ্টা সম্পর্কে, চাইল্ড কেয়ার প্রদানকারীদের আমরা সুস্পষ্টভাবে অবহিত করা অব্যাহত রাখবো।

বিনীত,



সিমোন সি. হ্যকিন্স (Simone C. Hawkins)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার
ব্যুরো অভ চাইল্ড কেয়ার
ডিভিশন অভ এনভায়রনমেন্টাল হেলথ